রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ১২, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**

**মুদ্রণ ও প্রকাশনা শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৯ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ/ ১২ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

নং **২৪ (মুঃ ও প্রঃ)**।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৯ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ/ ১২ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

**অধ্যাদেশ নং-২৪, ২০২৫**

## রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা সংক্রান্ত বিদ্যমান কাঠামো পুনর্গঠনপূর্বক রাজস্ব নীতি বিভাগ এবং রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ নামে দুইটি পৃথক বিভাগ প্রতিষ্ঠাকল্পে প্রণীত

**অধ্যাদেশ**

যেহেতু সরকারের রাজস্ব নীতি প্রণয়ন কার্যক্রম এবং রাজস্ব আহরণ ব্যবস্থাপনা কার্যক্রম পৃথকীকরণ আবশ্যক;

যেহেতু রাজস্ব আহরণ কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা বৃদ্ধিকরণকল্পে বিদ্যমান কাঠামো পুনর্গঠনপূর্বক রাজস্ব নীতি বিভাগ এবং রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ প্রতিষ্ঠা করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান;



মূল্য : ৮.০০

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই অধ্যাদেশ রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা অধ্যাদেশ, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা যেই তারিখ নির্ধারণ করিবে, সেই তারিখে এই অধ্যাদেশ কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই অধ্যাদেশে—

(ক) "তফসিল" অর্থ এই অধ্যাদেশের তফসিল;

(খ) "রাজস্ব" অর্থ তফসিলে উল্লিখিত যে কোনো আইনের অধীন আহরিত রাজস্ব;

(গ) "রাজস্ব নীতি বিভাগ" অর্থ ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত রাজস্ব নীতি বিভাগ;

(ঘ) "রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ" অর্থ ধারা ৭ এর অধীন প্রতিষ্ঠিত রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ।

৩। **অধ্যাদেশের প্রাধান্য**।—আপাতত বলবৎ অন্য কোনো আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই অধ্যাদেশের বিধানাবলি প্রাধান্য পাইবে।

৪। **রাজস্ব নীতি বিভাগ প্রতিষ্ঠা**।—(১) এই অধ্যাদেশ কার্যকর হইবার পর, সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, রাজস্ব নীতি বিভাগ নামে একটি নূতন বিভাগ প্রতিষ্ঠা করিবে যাহা অর্থ মন্ত্রণালয়ের অধীন হইবে।

(২) সরকার রাজস্ব নীতি বিভাগের জন্য যথাযথ সাংগঠনিক কাঠামো প্রণয়ন করিবে।

(৩) সরকার উপযুক্ত যোগ্যতাসম্পন্ন কোনো সরকারি কর্মকর্তাকে রাজস্ব নীতি বিভাগের সচিব পদে নিয়োগ প্রদান করিবেন।

(৪) রাজস্ব নীতি বিভাগের বিভিন্ন পদসমূহ আয়কর, মূল্য সংযোজন কর, কাস্টমস, অর্থনীতি, ব্যবসা প্রশাসন, গবেষণা ও পরিসংখ্যান, প্রশাসন, নিরীক্ষা ও হিসাব এবং আইন সংক্রান্ত কাজে অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তাগণ হইতে পূরণযোগ্য হইবে।

(৫) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত কর আপিল ট্রাইব্যুনাল এবং কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল রাজস্ব নীতি বিভাগের সংযুক্ত দপ্তর হইবে।

৫। **রাজস্ব নীতি বিভাগের কার্যপরিধি**।—রাজস্ব নীতি বিভাগ নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথা:—

(ক) বাংলাদেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যকে প্রাধান্য দিয়ে রাষ্ট্র পরিচালনার জন্য প্রয়োজনীয় রাজস্ব যোগানের লক্ষ্যে সম্প্রসারণমূলক কর ভিত্তি, যৌক্তিক কর হার, সীমিত কর অব্যাহতির নীতি অনুসরণপূর্বক উত্তম কর ব্যবস্থা প্রবর্তন;

(খ) তফসিলে বর্ণিত আইনসমূহ, Stamp Act, 1899 (Act No. II of 1899) এবং সংশ্লিষ্ট অন্যান্য আইন নূতনভাবে প্রণয়ন বা উহাদের সংশোধনের উদ্যোগ গ্রহণ;

(গ) রাজস্ব নীতি সংশ্লিষ্ট বিধি-বিধান, প্রজ্ঞাপন, এস.আর.ও. প্রণয়ন, সংশোধন এবং উহাদের ব্যাখ্যা প্রদান;

(ঘ) স্ট্যাম্প ডিউটি, আয়কর, ভ্রমণ কর, দান কর, সম্পদ কর, কাস্টমস-শুল্ক, মূল্য সংযোজন কর (মূসক), সম্পূরক শুল্ক, আবগারী শুল্ক, সারচার্জ এবং অন্যান্য শুল্ক-করাদি, ফি আরোপ, হ্রাস-বৃদ্ধি ও অব্যাহতি প্রদান সংক্রান্ত কার্যক্রম;

(ঙ) রাজস্ব ব্যবস্থাপনা বিভাগসহ সংশ্লিষ্ট সংস্থার সাথে সমন্বিত অটোমেশন কার্যক্রম দ্রুত বাস্তবায়ন;

(চ) কর আইন প্রয়োগ এবং কর আহরণ পরিস্থিতি মূল্যায়ন;

(ছ) রাজস্ব নীতি বাস্তবায়ন বিষয়ে রাজস্ব ব্যবস্থাপনা বিভাগের সাথে সমন্বয় সাধন করা;

(জ) কাস্টমস সংক্রান্ত আন্তর্জাতিক চুক্তি সম্পাদন ও মতামত প্রদান;

(ঝ) আন্তর্জাতিক দ্বৈত কর পরিহার চুক্তি সংক্রান্ত কার্যক্রম;

(ঞ) রাজস্ব সংক্রান্ত বৈশ্বিক ও স্থানীয় প্রেক্ষাপট ও পরিসংখ্যান বিচার বিশ্লেষণ এবং কর নীতি সংক্রান্ত গবেষণা কার্যক্রম পরিচালনা;

(ট) রাজস্ব সংক্রান্ত তথ্য উপাত্ত বিচার বিশ্লেষণ ও গবেষণা পূর্বক রাজস্ব আয়ের যথাযথ প্রক্ষেপণ (forecast) এবং প্রাক্কলন (estimate);

(ঠ) রাজস্ব নীতি সংক্রান্ত কার্যক্রমের দক্ষতা, কার্যকারিতা ও গতিশীলতা বৃদ্ধি এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের লক্ষ্যে প্রয়োজনীয় প্রকল্প গ্রহণ এবং তা বাস্তবায়ন; এবং

(ড) সরকার কর্তৃক সময় সময় প্রদত্ত অন্য যে কোনো দায়িত্ব পালন।

৬। **রাজস্ব নীতি সংক্রান্ত পরামর্শক কমিটি।**—(১) সরকার রাজস্ব নীতি প্রণয়নে রাজস্ব নীতি বিভাগকে নিয়মিত পরামর্শ প্রদানের নিমিত্তে অর্থনীতিবিদ, রাজস্ব বিশেষজ্ঞ, আইন বিশেষজ্ঞ, হিসাব ও নিরীক্ষা বিশেষজ্ঞ, ব্যবসায়ী সংগঠন ও পেশাজীবী প্রতিনিধি ও ট্যারিফ কমিশনসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ এর প্রতিনিধিত্বে সরকারি প্রজ্ঞাপন দ্বারা একটি পরামর্শক কমিটি গঠন করিবে।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত কমিটির কার্যপরিধি ও মেয়াদকাল সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

৭। **রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ প্রতিষ্ঠা।**—(১) এই অধ্যাদেশ কার্যকর হইবার পর, সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ নামে একটি নূতন বিভাগ প্রতিষ্ঠা করিবে যাহা অর্থ মন্ত্রণালয়ের অধীন হইবে।

(২) সরকার রাজস্ব ব্যবস্থাপনা বিভাগের জন্য যথাযথ সাংগঠনিক কাঠামো প্রণয়ন করিবে।

(৩) সরকার রাজস্ব আহরণ সংক্রান্ত কাজে অভিজ্ঞতা রহিয়াছে এইরূপ যোগ্য কোনো সরকারি কর্মচারীকে রাজস্ব ব্যবস্থাপনা বিভাগের সচিব পদে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করিবে।

(৪) রাজস্ব ব্যবস্থাপনা বিভাগের আয়কর, মূল্য সংযোজন কর এবং কাস্টমস আইন বাস্তবায়ন এবং মানবসম্পদ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অনুবিভাগসমূহের বিভিন্ন পদে বাংলাদেশ সিভিল সার্ভিস (শুল্ক ও আবগারী) এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (কর) ক্যাডার এ কর্মরত জনবলের মধ্য হইতে নিয়োগ করা হইবে।

(৫) রাজস্ব ব্যবস্থাপনা বিভাগের প্রশাসনিক অনুবিভাগের বিভিন্ন পদ বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন), বাংলাদেশ সিভিল সার্ভিস (কর), বাংলাদেশ সিভিল সার্ভিস (শুল্ক ও আবগারী) ক্যাডার এবং রাজস্ব ব্যবস্থাপনা বিভাগে কর্মরত কর্মচারীগণ হইতে পূরণযোগ্য হইবে।

(৬) রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ কতৃক তফসিলে বর্ণিত আইনসমূহ মাঠপর্যায়ে বাস্তবায়ন সংশ্লিষ্ট কার্যক্রমে নিয়োজিত পদসমূহ বাংলাদেশ সিভিল সার্ভিস (কর), বাংলাদেশ সিভিল সার্ভিস (শুল্ক ও আবগারী) ক্যাডারে কর্মরত কর্মকর্তাগণ এবং রাজস্ব ব্যবস্থাপনা বিভাগের মাঠপর্যায়ে কর্মরত কর্মচারীগণ হইতে পূরণযোগ্য হইবে।

(৭) রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ বাংলাদেশ সিভিল সার্ভিস (কর) এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (শুল্ক ও আবগারী) ক্যাডারে কর্মরত কর্মকর্তাগণের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবে।

(৮) রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ, ইহার ক্যাডার বহির্ভূত সকল কর্মচারীর নিয়োগ, পদোন্নতি, পদায়ন এবং শৃঙ্খলা সংক্রান্ত বিভাগীয় যাবতীয় কার্যক্রম সম্পাদন করিবে।

(৯) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এ উল্লিখিত আপিল আয়কর কর্তৃপক্ষ, কাস্টমস আইন ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এ উল্লিখিত কমিশনার অব কাস্টমস (আপিল) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শূল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এ উল্লিখিত কমিশনার (আপিল) অফিসসমূহ রাজস্ব ব্যবস্থাপনা বিভাগের নিয়ন্ত্রণাধীন থাকিবে।

৮। **রাজস্ব ব্যবস্থাপনা বিভাগের কার্যপরিধি**।—রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথা:—

(ক) তফসিলে বর্ণিত আইন ও সংশ্লিষ্ট বিধির প্রয়োগ;

(খ) কাস্টমস সংক্রান্ত আন্তর্জাতিক চুক্তির যথাযথ বাস্তবায়ন;

(গ) আন্তর্জাতিক দ্বৈত কর পরিহার সংক্রান্ত চুক্তির যথাযথ বাস্তবায়ন;

(ঘ) বাংলাদেশ সিভিল সার্ভিস (শুল্ক ও আবগারী) এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (কর) ক্যাডারের মানবসম্পদ ব্যবস্থাপনা;

(ঙ) রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ ও তদাধীন দপ্তরসমূহের ক্যাডার বহির্ভূত মানবসম্পদ ব্যবস্থাপনা;

(চ) করভিত্তি সম্প্রসারণের লক্ষ্যে করসেবা, উদ্বুদ্ধকরণ কর্মসূচি জোরদার করা এবং সকলকে করজালের মধ্যে আনয়ণে কার্যকর উদ্যোগ গ্রহণ;

(ছ) রাজস্ব ব্যবস্থাপনা বিভাগের বাজেট প্রণয়ন, বাজেট বাস্তবায়ন এবং লজিস্টিকস সংক্রান্ত কার্যক্রম;

(জ) রাজস্ব ব্যবস্থাপনা সংক্রান্ত পদ্ধতি প্রণয়ন;

(ঝ) রাজস্ব ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের দক্ষতা, কার্যকারিতা ও গতিশীলতা বৃদ্ধি এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রকল্প গ্রহণ এবং তা বাস্তবায়ন;

(ঞ) অধীনস্থ অফিসসমূহের তত্ত্বাবধান ও ব্যবস্থাপনা;

(ট) রাজস্ব ব্যবস্থাপনা বিভাগের আন্ত উইং ও রাজস্ব নীতি বিভাগসহ সংশ্লিষ্ট সকল দপ্তরের মধ্যে আন্তসংযোগ প্রতিষ্ঠার মাধ্যমে সার্বিক (comprehensive) অটোমেশন কার্যক্রম দ্রুত সম্পন্ন করা;

(ঠ) রাজস্ব নীতি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে রাজস্ব নীতি বিভাগের সাথে সমন্বয় সাধন, দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান এবং অডিট ও গোয়েন্দা কার্যক্রম পরিচালনা; এবং

(ড) সরকার কর্তৃক সময় সময় প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

৯। **জাতীয় রাজস্ব বোর্ডের বিদ্যমান জনবল ন্যস্তকরণ।**—রাজস্ব নীতি বিভাগ ও রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ প্রতিষ্ঠা হইবার সঙ্গে সঙ্গে জাতীয় রাজস্ব বোর্ডের বিদ্যমান জনবল রাজস্ব ব্যবস্থাপনা বিভাগে ন্যস্ত হইবে এবং উক্তরূপে ন্যস্তকৃত জনবল হইতে প্রয়োজনীয় জনবল রাজস্ব নীতি বিভাগে পদায়ন করা যাইবে।

১০। **বিধি, আদেশ প্রভৃতি প্রণয়নের ক্ষমতা।**—রাজস্ব নীতি বিভাগ এবং রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ নিজ নিজ বিভাগের কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত প্রয়োজনীয় বিধি প্রণয়ন, আদেশ, ব্যাখ্যা, ইত্যাদি জারি করিতে পারিবে।

১১। **তফসিল সংশোধনের ক্ষমতা।**—সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তফসিল সংশোধন করিতে পারিবে।

১২। **অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বিলোপ।**—(১) রাজস্ব নীতি বিভাগ ও রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ প্রতিষ্ঠা হইবার সঙ্গে সঙ্গে, বিদ্যমান অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বিলুপ্ত হইবে এবং উহার জনবল রাজস্ব নীতি বিভাগে ন্যস্ত হইবে।

(২) সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বিদ্যমান কার্যক্রম রাজস্ব নীতি বিভাগে অথবা অর্থ মন্ত্রণালয়ের অন্য কোনো বিভাগে যথাযথভাবে বিভাজন করিবে।

১৩। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই অধ্যাদেশ কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, National Board of Revenue Order, 1972 (President's Order No. 76 of 1972), অতপর উক্ত Order বলিয়া উল্লিখিত, রহিত হইবে এবং উহার অধীন প্রতিষ্ঠিত জাতীয় রাজস্ব বোর্ড বিলুপ্ত হইবে।

(২) ধারা ১০ এর উপ-ধারা (১) অনুসারে বিলুপ্ত অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং এই ধারার উপ-ধারা (১) অনুসারে বিলুপ্ত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক—

(ক) কৃত কোনো কাজ-কর্ম, গৃহীত কোনো ব্যবস্থা বা সূচিত কোনো কার্যধারা এই অধ্যাদেশের আওতায় কৃত, গৃহীত বা সূচিত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) গৃহীত কোনো কার্যক্রম বা সূচিত কোনো কার্যধারা অনিষ্পন্ন বা চলমান থাকিলে এইরূপভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উহা এই অধ্যাদেশের অধীন গৃহীত বা সূচিত হইয়াছে;

(গ) প্রণীত কোনো বিধি বা প্রবিধান বা প্রদত্ত আদেশ বা নির্দেশ বা নোটিশ বা জারীকৃত প্রজ্ঞাপন বা নীতিমালা বা ব্যাখ্যা বা প্রকাশিত বিজ্ঞপ্তি বা সম্পাদিত অন্য কোনো আইনগত ইন্সট্রুমেন্ট, চুক্তি বা নিয়োগ উক্তরূপ রহিতকরণের অব্যবহিত পূর্বে বলবৎ থাকিলে, উহা রহিত বা পরিবর্তিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে;

(ঘ) কোনো মামলা বা আইনগত কার্যধারা কোনো আদালতে চলমান থাকিলে উহা এইরূপভাবে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত Order রহিত হয় নাই এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বিলুপ্ত হয় নাই;

(ঙ) এই অধ্যাদেশ কার্যকর হইবার তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই অধ্যাদেশের বিধান অনুসারে নিষ্পন্ন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, এই অধ্যাদেশ কার্যকর হইবার পূর্বে উক্ত Order এর অধীন নির্ধারিত কোনো আবেদনপত্র পেশের অথবা কোনো আপিল বা রিভিশন দায়েরের সময়সীমার মেয়াদ অবশিষ্ট থাকিলে, উক্ত মেয়াদ অব্যাহত থাকিবে; এবং

(চ) আরোপিত কোনো শুল্ক, কর, সারচার্জ, ফি বা অন্য কোনো পাওনা, এই অধ্যাদেশ কার্যকর হইবার অব্যবহিত পূর্বে অনাদায়ী থাকিলে বা কোনো বিষয় অনিষ্পন্ন থাকিলে উহা উক্ত Order এর বিধান অনুযায়ী এমনভাবে আদায় বা নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত Order রহিত হয় নাই।

**তফসিল**

[ধারা ২(ক), ৫(খ), এবং ৮(ক) দ্রষ্টব্য]

১। The Excise (Malt Liquors) Act, 1890 (Act No. XIII of 1890);

২। The Provisional Collection of Taxes Act, 1931 (Act No. XVI of 1931);

৩। The Income-tax and Excess Profits Tax (Emergency) Ordinance, 1942 (Ordinance No. LX of 1942);

৪। The Excises and Salt Act, 1944 (Act No. I of 1944);

৫। The Business Profits Tax Act, 1947 (Act No. XXI of 1947);

৬। The Taxation Tribunal (Undisclosed Wealth) Act, 1953 (Act No. XVI of 1953);

৭। The Bangladesh (Collection of Taxes) Order, 1971 (Acting President's Order No. 1 of 1971);

৮। দানকর আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৪৪ নং আইন);

৯। ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন);

১০। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

১১। আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন);

১২। কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);

১৩। উন্নয়ন সারচার্জ ও লেভী (আরোপ ও আদায়) আইন, ২০১৫ (২০১৫ সনের ২০ নং আইন); এবং

১৪। আয়কর, ভ্রমণ কর, দান কর, সম্পদ কর, কাস্টমস-শুল্ক, মূল্য সংযোজন কর (মূসক), সম্পূরক শুল্ক, আবগারী শুল্ক, সারচার্জ এবং অন্যান্য শুল্ক-করাদি সংশ্লিষ্ট বিদ্যমান অন্য কোনো আইন অথবা এতদবিষয়ে প্রণীতব্য অন্য কোনো আইন, বিধি অথবা আইনগত ইন্সট্রুমেন্ট।

তারিখ: ২৯ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
১২ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

মোঃ সাহাবুদ্দিন
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

---

**ড. হাফিজ আহমেদ চৌধুরী**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd